

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
(প্রশাসন শাখা-২)

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ ও বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোঃ আশফাকুল ইসলাম বাবুল
যুগ্মসচিব (প্রশাসন) ও
সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন কমিটি
সভার তারিখ : ০৯/১২/২০১৯ সময় :সকাল ১১-০০টা
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট ক

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় জানানো হয় যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ইতোপূর্বে প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। প্রত্যেক দপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদ করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। তাছাড়া সিটিজেন চার্টার হালনাগাদকরণ বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৯-২০ এ মন্ত্রণালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের একটি কার্যক্রম হিসাবে অন্তর্ভুক্ত আছে। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন কার্যক্রমে পূর্ণমান অর্জনে মন্ত্রিপরিষদ বিভাগ নিম্নোক্তভাবে কর্মসম্পাদন সূচক নির্ধারন করেছে:


- (ক) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণের জন্য ৩-৫জন কর্মকর্তা সমন্বয়ে একটি সিটিজেন চার্টার পর্যবেক্ষণ কমিটি গঠন করতে হবে এবং কমিটি বিদ্যমান সিটিজেন চার্টার এবং শাখা/অধিশাখার কার্যাবলী ও সেবা প্রদান পদ্ধতি পর্যালোচনা করে মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ফরম্যাট সিটিজেন চার্টার হালনাগাদ করে তা ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- (খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রতি ত্রৈমাসিকে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
- (গ) অনলাইনে সেবা গ্রহীতাদের সেবা সংক্রান্ত মতামত প্রদানের জন্য একটি কর্ণার স্থাপন করতে হবে। প্রয়োজনে মতামত গ্রহণের জন্য মন্ত্রণালয়ের দৃশ্যমান স্থানে একটি মতামত বাক্স স্থাপন কতে হবে এবং নাগরিক সেবায় সন্তুষ্ট ব্যক্তি সবুজ কার্ড এবং অসন্তুষ্ট ব্যক্তি লাল কার্ড যাতে উক্ত বাক্সে ফেলতে পারেন তার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় মন্ত্রিপরিষদ বিভাগের সিটিজেন চার্টার সংক্রান্ত ফরম্যাট এবং মন্ত্রণালয়ের বিদ্যমান সিটিজেন চার্টার তুলনামূলকভাবে পর্যালোচনা করা হয়। বিদ্যমান সিটিজেন চার্টারে ফরম্যাট অনুযায়ী কিছু তথ্য সংযুক্ত করা হয়নি মর্মে পরিলক্ষিত হয়। সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের ওয়েবসাইটে মতামত গ্রহণের জন্য একটি আইকন স্থাপন করা হয়েছে এবং নাগরিকগণ ই-মেইলে (opinion@moe.gov.bd) মতামত জানাতে পারেন। পাশাপাশি মন্ত্রণালয়ের করিডোরে একটি আইডিয়া/ মতামত বাক্স স্থাপন করা হয়েছে। উক্ত বাক্সে যে কোন কর্মকর্তা/ নাগরিক তাদের সৃজনশীল আইডিয়া/ সেবা সংক্রান্ত মতামতের রঞ্জীন কাগজ ফেলতে পারেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহন করা হয়:

সিদ্ধান্ত:

- (i) মন্ত্রণালয়ের প্রত্যেক শাখা/ অধিশাখা হতে তাদের হালনাগাদ কার্যক্রম ও সেবা এবং সেবা প্রদান পদ্ধতি সংগ্রহ করতে হবে। অতঃপর তা মন্ত্রিপরিষদ নির্ধারিত ফরমেটে ওয়েবসাইটে আপলোড করতে হবে;(বাস্তবায়ন: প্রশাসন-২ শাখা)
- (ii) প্রতি ৩মাস পর সিটিজেন চার্টার হালনাগাদকরণ এবং বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। (বাস্তবায়ন: প্রশাসন-২ শাখা)
- (iii) সেবা গ্রহীতাদের মতামত প্রাপ্তির জন্য মন্ত্রণালয়ের করিডোরে স্থাপিত মতামত বাক্সের পাশে নির্দেশনাসহ সবুজ এবং লাল কাগজ রাখার ব্যবস্থা গ্রহন করতে হবে। (বাস্তবায়ন: প্রশাসন-৩ শাখা)

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(ড. মোঃ আশফাকুল ইসলাম বাবুল)
যুগ্মসচিব (প্রশাসন) ও সভাপতি

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ। (দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, সুশাসন অধিশাখা)
- ২। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৩। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৪। উপসচিব (প্রশাসন-২/৩ শাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ আজিজুল হক সরকার)
উপসচিব